দৈনিক ইত্তেফাক

তারিখ 16 JUL 2017
পৃষ্ঠা ৬ কলাম ২

# এমপিও শিক্ষক-কর্মচারীদের শতকরা চার ভাগ বেতন কর্তন

দেশের পাঁচ লাখ শিক্ষক-কর্মচারীদের বেতনের শতকরা চার ভাগ জুলাই মাস থেকে কর্তনের গেজেট প্রকাশ হয়েছে। এ ব্যাপারে সহযোগিতা করেছিলেন বিভিন্ন শিক্ষক সংগঠনের নেতা-কর্মীরা। শিক্ষক-কর্মচারীদের ন্যায্য দাবি পূরণের ব্যবস্থা না করে হঠাৎ চার ভাগ কর্তনের সিদ্ধান্ত নেওয়্যার মতামত দেওয়া ঠিক হয়নি। এ রকম সিদ্ধান্ত দেওয়ার আগে সকল শিক্ষক-কর্মচারীর মতামত নেওয়া উচিত ছিল। স্বাধীন দেশের একজন নাগরিক হিসেবে আমার মত হচ্ছে—প্রথমে শিক্ষক-কর্মচারীদের শতভাগ উৎসব ভাতা প্রদান, পাঁচভাগ প্রবৃদ্ধি এবং বৈশাখীভাতা প্রদানের ঘোষণা দিয়ে জুলাই মাস থেকে চার ভাগ বেতন কর্তন করলে শিক্ষক-কর্মচারীদের পাশাপাশি অবসর শিক্ষক-কর্মচারীদেরও কল্যাণ হবে। বিষয়টি সরকারকে বিবেচনার-জন্য বিনীত অনুরোধ করছি।

এস এম গোলাম মোস্তফা
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রশাসনিক কর্মকর্তা
মন্তব্য/আদেশ
স্বাক্ষর